গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম
কমলাপুর, পঞ্চগড়
iviei.panchagarh.gov.bd

**ভর্তি বিজ্ঞপ্তি**

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, কমলাপুর, পঞ্চগড়ে ১০ (দশ) জন দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীর (শুধুমাত্র ছেলে) সম্পূর্ণ সরকারি খরচে লালিত-পালিত হওয়ার সুযোগ রয়েছে। প্রতিষ্ঠানটিতে বর্তমানে শূন্য আসনে দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তি চলছে। প্রয়োজনীয় তথ্যাদি নিম্নরূপঃ

**যোগ্যতা ও শর্তসমূহ:**

- বয়সঃ শিশুর বয়স ০৬ হতে ০৯ বছর হতে হবে;
- প্রতিবন্ধীতাঃ দৃষ্টি প্রতিবন্ধী হতে হবে;
- নাগরিকত্বঃ বাংলাদেশের নাগরিক হতে হবে;

**সুবিধাসমূহ:**

- শিশু বান্ধব মনোরম পরিবেশে এসএসসি পরীক্ষা পর্যন্ত প্রতিপালন করা হয়;
- সম্পূর্ণ সরকারি খরচে শিক্ষা, চিকিৎসা, বস্ত্র ও আবাসনের সুব্যবস্থা রয়েছে;
- ব্রেইল পদ্ধতিতে শিশুদের সাধারণ, ধর্মীয় ও নৈতিক শিক্ষা প্রদান করা হয়;
- সার্বক্ষনিক সিসি ক্যামেরা দ্বারা মনিটরিং করা হয়;
- বিনোদন, সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মকান্ড পরিচালনা করা হয়;
- মানসিক ও মানবিক উন্নয়নসহ সামাজিকীকরণ;
- প্রতি মাসে ০২ (দুই) দিন অভিভাবকের সাথে সাক্ষাতের সুযোগ (আলোচনা সাপেক্ষে বেশি);
- বছরের যেকোন সময় ভর্তি হওয়া যায় (আসন খালি থাকা সাপেক্ষে);

**প্রয়োজনীয় কাগজপত্রাদি:**

- নির্ধারিত ফরমে আবেদন (আবেদনপত্র বিনামূল্যে সংশ্লিষ্ট অফিস অথবা অনলাইন থেকে সংগ্রহ করা যাবে);
- শিশু ও অভিভাবকের ০২ (দুই) কপি ছবি;
- শিশুর অনলাইন জন্ম সনদের সত্যায়িত ফটোকপি;
- পিতা-মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;
- সুবর্ণ নাগরিক কার্ডের সত্যায়িত ফটোকপি;
- শিশু এতিম হলে পিতার অনলাইন মৃত্যু সনদের সত্যায়িত ফটোকপি;
- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র অথবা কাউন্সিলরের প্রত্যয়নপত্র;

**যোগাযোগের ঠিকানা:**

রিসোর্স শিক্ষক
সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম
কমলাপুর, পঞ্চগড়
মোবাইলঃ ০১৭০৮৪১৪৫২২, ০১৭১৪৮০৩৬৯৪